রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, নভেম্বর ৯, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/০৩ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নম্বর ৩৩৭-আইন/২০২১।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত জাতীয় অ্যাজমা সেন্টার, মহাখালী, ঢাকা শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) “কর্তৃপক্ষ” অর্থ রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ;

(২) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(৩) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল;

(৪) “নিয়মিতকরণ” অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোনো কর্মচারীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;

(৫) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মচারী;


মূল্য : টাকা ৮.০০

(৬) “প্রকল্প” অর্থ তফসিলের কলাম (১) এ উল্লিখিত প্রকল্প;

(৭) “প্রকল্পের কর্মচারী” অর্থ প্রকল্পের কোনো পদে নিয়োগপ্রাপ্ত হইয়া প্রকল্প সমাপ্ত হইবার তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে চাকরিরত কোনো কর্মচারী;

(৮) “প্রকল্পের চাকরিকাল” অর্থ প্রকল্পে যোগদানের তারিখ হইতে প্রকল্প সমাপ্তির তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে কর্মরত কোনো কর্মচারীর চাকরিকাল;

(৯) “রাজস্ব বাজেটের পদ” অর্থ প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত কোনো পদ; এবং

(১০) “সাময়িকভাবে পদায়নকৃত” অর্থ প্রকল্পের কোনো কর্মচারীকে রাজস্ব বাজেটের কোনো পদে অস্থায়ীভাবে পদায়ন বা নিয়োগ।

৩। **বিধিমালার প্রাধান্য**।—আপাতত বলবৎ অন্য কোনো বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, প্রকল্পের কর্মচারীদের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলি কার্যকর হইবে।

৪। **রাজস্ব বাজেটে নিয়মিতকরণ পদ্ধতি**।—(১) প্রকল্পের কোনো কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে নিয়মিতকরণ করা যাইবে, যথা :—

(ক) তফসিলে বর্ণিত রাজস্ব বাজেটের পদে কর্মরত কর্মচারী, সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগকালীন সময়ে সরকারের প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগবিধি, যদি থাকে, অনুসরণক্রমে নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে;

(খ) উক্ত কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকরির ধারাবাহিকতা থাকিলে; এবং

(গ) উক্ত কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকরি সন্তোষজনক হইয়া থাকিলে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোনো কর্মচারীর চাকরি সন্তোষজনক হইলে, তিনি অবসরোত্তর ছুটি ভোগরত থাকিলে অথবা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে অথবা মৃত্যুবরণ করিলে তাহাকে, ক্ষেত্রমত, অবসরোত্তর ছুটি বা বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে ভূতাপেক্ষভাবে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিতকরণ করা যাইবে।

(৩) কমিশনের আওতাভুক্ত কোনো পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতাবহির্ভূত কোনো পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়মিতকরণ করিতে হইবে।

৫। **জ্যেষ্ঠতা নির্ধারণ**।—(১) এই বিধিমালার অধীন নিয়মিতকৃত কোনো কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে তাহার চাকরি নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করিতে হইবে।

(২) প্রকল্পে একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা :—

(ক) প্রকল্পে নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, এর ভিত্তিতে; এবং

(খ) দফা (ক) এ উল্লিখিত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে, সেইক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে এবং উক্ত বৎসর একই বৎসর হইলে, সেইক্ষেত্রে বয়সের জ্যেষ্ঠতার ভিত্তিতে।

(৩) প্রকল্পে পূর্বে নিয়োগপ্রাপ্ত কোনো কর্মচারী প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে, পদাধিকারীর ত্রুটির কারণে নহে, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর পূর্বে বা একই সঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময়ে নিয়মিত হইলে, সেইক্ষেত্রে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকৃত কর্মচারীর উপর তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নিয়োগের তারিখ এবং নিয়মিতকৃত কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে, সেইক্ষেত্রে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ নিয়মিতকৃত কর্মচারীগণের উপর জ্যেষ্ঠতা পাইবেন।

৬। **প্রকল্পের চাকরিকাল গণনা**।—নিয়মিতকৃত কোনো কর্মচারীর প্রকল্পের চাকরিকাল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুষঙ্গিক সুবিধাসমূহ নির্ধারণের ক্ষেত্রে তাহার প্রকল্পের চাকরিকাল গণনা করিতে হইবে।

৭। **অসুবিধা দূরীকরণ**।—এই বিধিমালা কার্যকরকরণের ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে, উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সঙ্গতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**তফসিল**

[বিধি ২(৩) দ্রষ্টব্য]

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াধীন 'জাতীয় অ্যাজমা সেন্টার, মহাখালী, ঢাকা' শীর্ষক প্রকল্প হইতে রাজস্ব বাজেটে জনবলসহ স্থানান্তরিত পদসমূহের নাম ও পদের সংখ্যা :

| প্রকল্পের নাম | প্রকল্পকাল | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| জাতীয় অ্যাজমা সেন্টার, মহাখালী, ঢাকা প্রকল্প | আরম্ভঃ জুলাই, ১৯৯৭ খ্রিঃ<br>সমাপ্তঃ জুন ২০০৩ খ্রিঃ | (১) সহকারী অধ্যাপক (চেস্ট মেডিসিন) | ৩ (তিন) |
| | | (২) সহকারী অধ্যাপক (পেডিয়াট্রিকস) | ১ (এক) |
| | | (৩) সহকারী অধ্যাপক (এ্যানেসথেসিওলজি) | ১ (এক) |
| | | (৪) জুনিয়র কনসালটেট (চেস্ট মেডিসিন) | ১ (এক) |
| | | (৫) ইমার্জেন্সি মেডিকেল অফিসার | ৪ (চার) |
| | | (৬) মেডিকেল অফিসার (অন্তঃ/বহিঃ বিভাগ) | ৩ (তিন) |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | | (৭) এ্যানেসথেসিস্ট (মেডিকেল অফিসার) | ২ (দুই) |
| | | (৮) কম্পিউটার প্রোগ্রামার | ১ (এক) |
| | | (৯) প্রশাসনিক কর্মকর্তা | ১ (এক) |
| | | (১০) ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার | ১ (এক) |
| | | (১১) নার্সিং সুপারভাইজার | ১ (এক) |
| | | (১২) হিসাবরক্ষক | ১ (এক) |
| | | (১৩) কম্পিউটার অপারেটর | ২ (দুই) |
| | | (১৪) ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | ২ (দুই) |
| | | (১৫) মেডিকেল টেকনোলজিস্ট | ৪ (চার) |
| | | (১৬) গাড়িচালক | ৩ (তিন) |
| | | (১৭) অফিস সহকারী | ১ (এক) |
| | | (১৮) জেনারেটর অপারেটর/ইলেকট্রিশিয়ান | ১ (এক) |
| | | (১৯) ডার্করুম সহকারী | ১ (এক) |
| | | (২০) প্লাম্বার মিস্ত্রী | ১ (এক) |
| | | (২১) নিরাপত্তা প্রহরী | ৩ (তিন) |
| | | সর্বমোট = | ৩৮ (আটত্রিশ) |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে এম আলী আজম**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd